

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি- ১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)




নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৫৪

তারিখঃ ১৮ ভাদ্র, ১৪২৮  
০২ সেপ্টেম্বর, ২০২১

**বিষয়: সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এবং সংবিধিবদ্ধ/ স্বায়ত্তশাসিত/ জাতীয়কৃত প্রতিষ্ঠানসমূহের শূণ্য পদসমূহ পূরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বিভিন্ন ক্যাটাগরির সরকারি চাকরিতে (বিসিএস ব্যতীত) প্রবেশকালে সর্বোচ্চ বয়সসীমা অতিক্রান্ত প্রার্থীদের আবেদনের সুযোগ করে দেয়ার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ আগস্ট, ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩ নং স্মারক পত্রের মাধ্যমে আগামী ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত প্রকাশিতব্য বিজ্ঞপ্তিতে প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ২৫-০৩-২০২০ তারিখে নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

২। এমতাবস্থায়, বিভিন্ন ক্যাটাগরির সরকারি চাকরিতে (বিসিএস ব্যতীত) সরাসরি নিয়োগের শূণ্য পদসমূহ দ্রুত সময়ের মধ্যে পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(দীপংকর বিশ্বাস)  
উপসচিব  
ফোন নং-৯৫১৫৫৫২

বিতরণঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজাগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব.....সকল মন্ত্রণালয়/বিভাগ।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. মহা-হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩নং কাকরাইল সড়ক, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।